# প্রেস রিলিজ
## ৮ই মে, ২০২১ এর প্রেস ব্রিফিং

এলআর গ্লোবাল অদ্য ০৮/০৫/২০২১ তারিখে এই প্রেস ব্রিফিং এর আয়োজন করেছে যেখানে মূল আলোচনার বিষয় এলআর গ্লোবালের কর্মক্ষমতা, পুঁজিবাজারে সামগ্রিক পরিস্থিতি এবং পুঁজিবাজার সম্পর্কিত সকল ইতিবাচক উন্নয়ন। আমরা বিশ্বাস করি আমাদের আজকের এই সংবাদ সম্মেলনের দ্বারা কেবল পুঁজিবাজারই নয় বরং এলআর গ্লোবাল সহ বাজারের সব সম্পদ ব্যবস্থাপকেরাও উপকৃত হবে।

আমাদের আজকের প্রেস ব্রিফিংটি এই সময়ে করা খুবই গুরুত্বপূর্ণ কেননা আমরা বিশ্বাস করি যে, দেশের পুঁজিবাজার এবং অর্থনীতি সমানতালে ক্রমবর্ধমান নয়। এই মুহূর্তে পুঁজিবাজারের সকল মধ্যস্থতাকারীগণ এর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এর উপর নির্ভর করে পুঁজিবাজারের অগ্রগতি। এছাড়াও এর সঠিক পথে যাওয়া বা না যাওয়া নির্ভর করে আমাদেরই সকলের সম্মিলিত পদক্ষেপের উপর। আমাদেরই সম্মিলিত সঠিক এবং সফল পদক্ষেপ পুঁজিবাজারকে সামনের দিকে নিয়ে যেতে পারে অন্যথায় এটি নিম্নমুখী মোড় ও নিতে পারে। আমাদের উচিত সম্মিলিতভাবে পুঁজিবাজারের স্বার্থে কাজ করা যা ইস্যুকারীদের থেকে শুরু করে বিনিয়োগকারী পর্যন্ত সকল পক্ষকে উপকৃত করবে।

এমতাবস্থায় বর্তমানে পুরো দেশ এবং দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ খাত সমূহ সহ পুঁজিবাজার এর প্রানবন্ত উন্নয়ন এবং এর লক্ষ্য অর্জনের জন্য যোগ্য নেতৃত্বের দিকে তাকিয়ে রয়েছে। আমরা বিশ্বাস করি বর্তমান বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) তার যোগ্য এবং প্রগতিশীল  চেয়ারম্যানের নেতৃত্বে পুঁজিবাজারের ব্যাপক সংস্কার এর ভাল উদাহরণ স্থাপন করেছে। বাংলাদেশের পুঁজিবাজারের সমূহ সম্ভাবনা এবং নতুন কমিশনের ভূমিকা নিয়ে আমরা খুবই আশাবাদী। বর্তমান কমিশন দায়িত্ব নেওয়ার পর থেকে পুঁজিবাজারে দৃশ্যমানভাবে অনেক উন্নতি হয়েছে যেমন পুঁজিবাজারের অনৈতিক হস্তক্ষেপকারীদের আইন ভঙ্গের জন্য দোষী সাব্যস্ত করা ও জরিমানা করা; বিদেশী বিনিয়োগকারীদের আকর্ষণ করার জন্য বিদেশে রোড শো পরিচালনা করা; আইপিও অনুমোদনের প্রক্রিয়া সহজীকরন এবং সরবরাহের মান উন্নত করা; বন্ড মার্কেট এর বিকাশ এবং আরও অর্থ বাজারের Instrument চালু করা; ২১০ বিলিয়ন ডলারের পুঁজিবাজারে স্থিতিশীলতা তহবিল গঠন; সামগ্রিকভাবে স্বচ্ছ এবং বিনিয়োগবান্ধব পরিবেশ এর উন্নয়ন সহ আরও অনেক।

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে বিগত ২০১৫ সাল থেকে এলআর গ্লোবাল যেসব বাধার সম্মুখিন হয়ে আসছিল তা ২০২১ সালের শুরুতে এসে তার সমাধান হয়েছে। এলআর গ্লোবাল প্রতিষ্ঠার পর থেকে সর্বদা পুঁজিবাজারের উন্নয়নে অবদান রেখে চলেছে। বর্তমানে পুঁজিবাজারে একটি স্বচ্ছ ও বিনিয়োগ বান্ধব পরিবেশ রয়েছে বিধায় পূর্বের তুলনায় এখন আমাদের অনেক বেশি অংশ গ্রহণ থাকবে। আজকের প্রেস রিলিজে নিম্নলিখিতগুলি বিষয় সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে:

১. এলআর গ্লোবাল বাংলাদেশ নেতিবাচক পুঁজিবাজারে প্রচন্ড চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও তাদের দৃষ্টান্তমূলক কর্মদক্ষতার মাধ্যমে দেশের শীর্ষস্থানীয় সম্পদ ব্যবস্থাপক সমূহের মধ্যে একটিতে পরিনত হয়েছে । এটি শুরু থেকেই বিশেষ করে বিগত ৫ বছর ধরে সেরা কর্মদক্ষতার স্বাক্ষর রেখে চলেছে । পুঁজিবাজারে আমাদের বিগত ১০ বছরের ট্র্যাক রেকর্ড থেকে আমাদের দক্ষতা ও পারদর্শিতা প্রতিফলিত হয়। নেতিবাচক পুঁজিবাজারে প্রচন্ড চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও বিগত ১০ বছর ধরে এল আর গ্লোবাল পরিচালিত ফান্ডগুলো মার্কেটকে বাৎসরিক গড়ে ৫ শতাংশের বেশি ছাড়িয়ে গিয়েছে এবং ফান্ডগুলো থেকে ৪৬ শতাংশ (AIBLMF এবং MBLMF এর ৫ই মে, ২০২১ এর লভ্যাংশ ঘোষণা এর মধ্যে অন্তর্ভুক্ত যা রেকর্ড ডেট ৩১ ই মে, ২০২১ এর পর বিতরন করা হবে) এর বেশি লভ্যাংশ প্রদান করেছে। এছাড়াও বিগত ৫ বছর ধরে এলআর গ্লোবাল তাদের পরিচালিত ফান্ডগুলোর পারফর্মেন্স বিবেচনায় দেশের শীর্ষস্থানীয় সম্পদ ব্যবস্থাপক হিসেবে জায়গা করে নিয়েছে এবং ফেব্রুয়ারি ২৫, ২০২১ অনুযায়ী ০.৪৫ পোর্টফোলিও বেটা (beta) সহ বাৎসরিক ৫.৫% আলফা (ALPHA) উৎপন্ন (generate) করেছে।

২। যদিও অনেকেই বাংলাদেশে এলআর গ্লোবালের উন্নয়ন, অগ্রগতি এবং অবদান দেখে ঈর্ষান্বিত হয়ে আমাদের বিরুদ্ধে বাধা প্রয়োগের নানান অপচেষ্টায় লিপ্ত হয়েছিল কিন্তু আমাদের অসামান্য অবদান, দক্ষতা এবং অর্জন এর কারণে তারা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। এলআর গ্লোবালের উপর সবসময় আস্থা রাখার জন্য আমরা আমাদের সকল ইউনিট হোল্ডারদের ধন্যবাদ এবং সাধুবাদ জানাই। আমরা কথা দিচ্ছি প্রতিবারের মত এবারও সর্বোচ্চ স্তরের সততা বজায় রেখে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে অসামান্য দক্ষতার সাথে আমাদের প্রতিশ্রুতি পূরণে অবিচল থাকব। আমাদের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার** যোগ্য নেতৃত্বে পুঁজিবাজারে বিনিয়োগের হাওয়া পরিবর্তনে এলআর গ্লোবাল যুগান্তকারী ভূমিকা পালন করার পরিকল্পনায় প্রস্তুত রয়েছে। এই উদ্যোগের অংশ হিসাবে এলআর গ্লোবাল নিম্নলিখিত বিষয়গুলিতে মনোনিবেশ করবে:

- (ক) এলআর গ্লোবাল বিনিয়োগকারীদের উচ্চতর ঝুঁকি সমন্বয় করে রিটার্ন প্রদান করবে;
- (খ) আমরা বিএসইসিকে 100% সহায়তা প্রদান করব যাতে সংস্কারগুলি বাস্তবে বাস্তবায়িত হয় এবং পুঁজিবাজারে ইতিবাচক প্রভাব ফেলে;
- (গ) আমরা আমাদের প্রতিযোগী, নিয়ন্ত্রক সংস্থা, উদ্যোক্তা, সাংবাদিক, সাধারন এবং প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগ্ণ সহ যে কোনো আগ্রহী পক্ষের সাথে অংশীদার হতে আগ্রহী যাতে করে সম্মিলিতভাবে আমরা বাংলাদেশের পুঁজিবাজারের সকল সম্ভাবনা সমূহ উদঘাটন করে লাভবান হতে পারি;
- (ঘ) আমরা পুনরায় কাজ শুরু করব যাতে আমাদের দেশে বিদেশী বিনিয়োগ নিয়ে আসা যায় যা বিগত ২০১৫ সাল হতে বিঘ্নিত হয়েছিল;

**আমরা আমাদের সমস্ত পারদর্শিতা এবং কর্মদক্ষতা প্রয়োগে কাজ করে যাব যাতে পুজিবাজারের তথ্যের অসামঞ্জস্যতা না থাকে এবং যাতে  তা পুঁজিবাজারে নিযুক্ত প্রতিটি বিনিয়োগকারীকে প্রভাবিত করে এবং বাজারে তাদের বিনিয়োগে উৎসাহিত করে। আমরা বাংলাদেশের পুঁজিবাজারের সম্পূর্ণ সম্ভাবনা সমুহ অর্জন এবং দেশের অর্থনীতি ও পুঁজিবাজারের মধ্যকার ব্যবধানকে কমিয়ে আনার মিশনে আমাদের সাথে যোগ দিতে আগ্রহী সকলকে স্বাগত জানাই। বিস্তারিত প্রেস ব্রিফিং এর একটি অনুলিপি পেতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট (https://www.lrglobalbd.com/press-room/) দেখুন।**